



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: ৫৮৬১৬৬৮১, ৫৮৬১৭৯০৮, ৯৬১৫৫৭৬



নং-বামাশিবো/প্রশাসন/৩৩৩১১২১২১১১/ গাইবান্ধা-৭০/ ১১ ৪৫ / ৪

তারিখ: ১১.০১.২০২০খ্রি.

বিষয়: এমপিও বন্ধের সুপারিশসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে

- সূত্র: ১) নং-বামাশিবো/প্রশাসন/৩৩৩১১২১২১১১/ গাইবান্ধা-৭০/১১০৫/৪; তারিখ: ১৯/০৯/২০১৯ খ্রি.
২) উপজেলা নির্বাহী অফিসারের স্মারক নং- ০৫.৫৫.৩২৩০.০২.০০৪.০০৩.১৯-৯৩২/১(১); তারিখ: ২৫/১১/২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, গাইবান্ধা জেলার গোবিন্দগঞ্জ উপজেলায় শোলাগাড়ী ঈদগাহ আলিম মাদ্রাসার সভাপতি জনাব মো: তৌহিদুল ইসলাম শাহিনের বিরুদ্ধে ছাত্র-ছাত্রী ও অভিভাবক সদস্যগণের পক্ষ থেকে জনাব মো: শহিদুজ্জামান প্রধান (শহীদ) অত্র বোর্ডে একটি অভিযোগ দাখিল করেছেন। অভিযোগে তিনি উল্লেখ করেন যে, জনাব মো: তৌহিদুল ইসলাম শাহিন শোলাগাড়ী ঈদগাহ আলিম মাদ্রাসায় ২০০৯ সাল থেকে সভাপতি হিসেবে দায়িত্ব পালন করছেন। সভাপতি ও সুপার কমিটি সংক্রান্ত বিষয়ে কোন ধরনের প্রচার-প্রচারণা ছাড়া গোপনে অত্যন্ত সু-কৌশলে কমিটি গঠন করে বোর্ড থেকে অনুমোদন নিয়েছেন। উক্ত অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণের জন্য সূত্রোক্ত ১নং স্মারকের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা-কে পত্র দেয়া হয়।

তদন্তকারী কর্মকর্তা সূত্রোক্ত ২নং স্মারকের মাধ্যমে তদন্তপূর্বক মতামত প্রদান করেছেন। তিনি উল্লেখ করেন- অধ্যক্ষ কমিটি গঠনে ডুয়া ও জাল কাগজপত্র প্রস্তুত করে মাদ্রাসা বোর্ড হতে কমিটির অনুমোদন নিয়েছেন মর্মে প্রতীয়মান হয়।

বর্ণিত অবস্থায় তদন্তকারী কর্মকর্তার মতামতের আলোকে অভিযোগকারীর অভিযোগ প্রমাণিত হওয়ায় অধ্যক্ষের বিরুদ্ধে কেন এমপিও বন্ধের সুপারিশসহ বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না সে বিষয়ে সুস্পষ্ট লিখিত জবাব পত্র প্রাপ্তির ১৫ (পনের) কর্মদিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

স্বাক্ষর:

মো: সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন: ৯৬১২৮৫৮

- সভাপতি/কমিটির সদস্যবৃন্দ, শোলাগাড়ী ঈদগাহ আলিম মাদ্রাসা
ডাকঘর: কোচাশহর, উপজেলা: গোবিন্দগঞ্জ, জেলা: গাইবান্ধা;
- অধ্যক্ষ, শোলাগাড়ী ঈদগাহ আলিম মাদ্রাসা
ডাকঘর: কোচাশহর, উপজেলা: গোবিন্দগঞ্জ, জেলা: গাইবান্ধা

নং-বামাশিবো/প্রশাসন/৩৩৩১১২১২১১১/ গাইবান্ধা -৭০/ /

তারিখ: .০১.২০২০খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- জনাব মোঃ মনোয়ার হোসেন চৌধুরী, মাননীয় সংসদ সদস্য, ৩২ গাইবান্ধা-৪;
- জেলা প্রশাসক; গাইবান্ধা;
- জেলা শিক্ষা অফিসার, গাইবান্ধা;
- উপজেলা নির্বাহী অফিসার, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা;
- উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা;
- জনাব মো: শহিদুজ্জামান প্রধান শহীদ (অভিযোগকারী), গ্রাম: পাড়া কচুয়া, ডাকঘর: কোচাশহর, উপজেলা: গোবিন্দগঞ্জ, জেলা: গাইবান্ধা;
- পি ও টু চেয়ারম্যান/পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
- অফিস কপি।

স্বাক্ষর: ১৫/১/২০২০
মোঃ ওমর ফারুক

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন: ৯৬৭৪৮৭৪